

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০:৫৯

া আরবি মূল আয়াত:

قَالَ مَوعِدُكُم يَومُ الزِّينَةِ وَ أَن يُّحشَرَ النَّاسُ ضُحًى ﴿٥٩﴾

মূসা বলল, 'তোমাদের নির্ধারিত সময় হল উৎসবের দিন। আর সেদিন পূর্বাহ্নেই যেন লোকজনকে সমবেত করা হয়'। — আল-বায়ান

মূসা বলল, 'তোমাদের (সঙ্গে) ওয়া'দার নির্ধারিত সময় হল উৎসবের দিন আর দুপুরের আগেই মানুষ যেন পৌঁছে যায়।' — তাইসিক্রল

মূসা বললঃ তোমাদের নির্ধারিত সময় উৎসবের দিন এবং সেদিন পূর্বাহ্নে জনগণকে সমবেত করা হোক। — মুজিবুর রহমান

[Moses] said, "Your appointment is on the day of the festival when the people assemble at mid-morning." — Sahih International

৫৯. মূসা বললেন, তোমাদের নির্ধারিত সময় হলো উৎসবের দিন এবং যাতে সকালেই জনগণকে সমবেত করা হয়।(১)

(১) ফিরআউনের উদ্দেশ্য ছিল, একবার জাদুকরদের লাঠি ও দড়িদড়ার সাহায্যে সাপ বানিয়ে দেখিয়ে দেই তাহলে মূসার মু'জিযার যে প্রভাব লোকদের উপর পড়েছে তা তিরোহিত হয়ে যাবে। মূসাও মনেপ্রাণে এটাই চাচ্ছিলেন। তিনি বললেন, এ জন্য কোন পৃথক দিন ও স্থান নির্ধারণ করার দরকার নেই। উৎসবের দিন কাছেই এসে গেছে। সারা দেশের লোক এদিন রাজধানীতে চলে আসবে। সেদিন যেখানে জাতীয় মেলা অনুষ্ঠিত হবে সেই ময়দানেই এই প্রতিযোগিতা হবে। সমগ্র জাতিই এ প্রতিযোগিতা দেখবে। আর সময়টাও এমন হতে হবে যখন দিনের আলো চারদিকে ছড়িয়ে পড়বে, যাতে কারো সন্দেহ ও সংশয় প্রকাশ করার কোন অবকাশই না থাকে।

তাফসীরে জাকারিয়া

- (৫৯) মূসা বলল, 'তোমাদের নির্ধারিত সময় উৎসবের দিন[1] এবং সেই দিন পুর্বাহ্নে জনগণকে সমবেত করা হবে।'
 - [1] অর্থাৎ, নওরোজ অথবা বাৎসরিক কোন মেলা বা অনুষ্ঠানের দিন; যাকে তারা ঈদরূপে পালন করত।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2407

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন